দৈনিক বাংলা

তারিখ ... ৫/6/80
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 3

093

# আজ এইচ এস সি পরীক্ষা শুরু

(স্টাফ রিপোর্টার)

দেশের চারটি শিক্ষা বোর্ডের ১৯৮০ সালের এইচএসসি পরীক্ষা আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে।

ঢাকা বোর্ডের অধীনে বিভিন্ন শাখায় সর্বমোট ৩৬ হাজার আট শ ৩৭ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছেন। এর মধ্যে মহিলা পরীক্ষার্থিনীর সংখ্যা হচ্ছে ছয় হাজার তিন শ ৫২।

ঢাকা বোর্ডের অধীনে ১৫ হাজার ৭৬ জন কলা বিভাগে, ১৬ হাজার তিন শ ৮০ জন বিজ্ঞান বিভাগে এবং চার হাজার সাত শ ২৩ জন বাণিজ্য বিভাগে পরীক্ষা দিচ্ছেন।

ঢাকা শহরে মোট ১৯টি উপ-কেন্দ্রে পরীক্ষা নেয়া হবে। বিদেশে ব্রাসেলস এবং লন্ডন কেন্দ্রসহ ঢাকা বোর্ডের মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ৭৩।